তারিখ 30 MAR 2017
পৃষ্ঠা ... কলাম ...

www.shokalerkhobor24.com
সকালের খবর
ঢাকা : বৃহস্পতিবার ৩০ মার্চ ২০১৭

# মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন আজ

নিজস্ব প্রতিবেদক ■

দেশের ৪৮৭টি উপজেলা ও ৯টি মহানগরের ২২ হাজার ৯০৯টি শিক্ষাপ্রতিষ্ঠানে আজ স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হবে। এর মধ্যে ১৬ হাজার ৫০৭টি মাধ্যমিক বিদ্যালয়, ৬ হাজার ৪০২টি দাখিল মাদ্রাসা রয়েছে। আজ সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত এসব প্রতিষ্ঠানে ক্ষুদে শিক্ষার্থীদের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

এ নির্বাচনে ১ লাখ ৮৩ হাজার ২৭২টি পদে ২ লাখ ৭১ হাজার ২৯৯ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। মোট ভোটার সংখ্যা ১ কোটি ৩ লাখ ৯৮ হাজার ৫৫১। এর মধ্যে ছাত্রী ৫৪ লাখ ৬১ হাজার ১৯ জন। নির্বাচন কমিশনার, প্রিসাইডিং ও পোলিং অফিসার এবং শৃঙ্খলার দায়িত্ব বিদ্যালয়ের শিক্ষার্থীরাই পালন করবে। গতকাল সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব তথ্য জানান। তিনি জানান, ইতোমধ্যে নির্বাচন সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করতে স্টুডেন্টস কেবিনেট ম্যানুয়েল, নির্বাচনী তফসিল আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক উপ-পরিচালক, জেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সব বিদ্যালয়ে পাঠানো হয়েছে। তবে সিটি করপোরেশন ও জাতীয় সংসদের উপনির্বাচনের কারণে কুমিল্লা আদর্শ সদর, সদর দক্ষিণ এবং সুনামগঞ্জের দিরাই ও শাল্লায় এ নির্বাচন আগামী ৮ মার্চ অনুষ্ঠিত হবে।